জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়
১১০, মতিঝিল বা/এ,
ঢাকা।
Website: www.janatabank-bd.com

জেনারেল ব্যাংকিং ডিপার্টমেন্ট
ফোন নং-৯৫৫০৮৭৩

নির্দেশ বিজ্ঞপ্তি নং- ৮৫৭/১৯

তারিখ ঃ ১৬ জানুয়ারী,২০১৯ খ্রীষ্টাব্দ
০৩ মাঘ,১৪২৫ বঙ্গাব্দ

সকল মহাব্যবস্থাপক/উপ- মহাব্যবস্থাপক
একান্ত সচিব, সিইও এন্ড এমডি এবং সকল উপ ব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/
সকল শাখা এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী।

**বিষয় ঃ-শতভাগ পেনশন সমর্পনকারী নৌবাহিনীর পেনশনারগণের অবসরের ১৫ বছর পূর্তিতে পুনরায় পেনশন সুবিধা প্রদান প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের পত্র নং ০৭.০০.০০০০.১৭১.১৩.০১৩.১৪-১১৮ তারিখ ০৮.১০.২০১৮ এর উদ্ধৃতি দিয়ে নৌবাহিনী সদর দপ্তর, লজিষ্টিক শাখা, বেতন পেনশন ও হিসাব পরিদপ্তর, বনানী, ঢাকা-১২১৩ সেনানিবাসের জনাব সাদ ইমন ইশতিয়াক, কমান্ডার বিএন পরিচালক স্বাক্ষরিত পত্র নং- ২৩.০২.২৬২৬.১৮৪.১৩. ৪২৭.১৮.২১৬৯ তারিখ ১৪.১১.২০১৮ অত্র ডিপার্টমেন্টে গৃহীত হয়েছে(পত্রদ্বয়ের কপি সংযুক্ত)

উক্ত পত্রদ্বয়ের মাধ্যমে সশস্ত্র বাহিনীর শতভাগ পেনশন সমর্পনকারী পেনশনারগণের অবসরের ১৫ বছর পূর্তিতে নৌবাহিনীর পেনশনারদের পুনরায় পেনশন সুবিধা প্রদানের বিষয়ে বিস্তারিত নির্দেশনা জারী করা হয়েছে। অত্র ব্যাংকের বিভিন্ন শাখার মাধ্যমে নৌবাহিনীর অবসরপ্রাপ্ত সদস্যগণের অনুকুলে এ সকল সুবিধা প্রদানেব ক্ষেত্রে উক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করা আবশ্যক।

এমতাবস্থায়, শতভাগ পেনশন সমর্পনকারী নৌবাহিনীর পেনশনারগণের অবসরের ১৫ বছর পূর্তিতে উক্ত পত্রদ্বয়ের নির্দেশনা মোতাবেক পেনশন সুবিধা প্রদান করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা যাচ্ছে।

আপনার বিশ্বস্ত,

১৬/০১/১৯
(মোঃ আবদুর রউফ)
উপ মহাব্যবস্থাপক

(মোঃ মাহবুবর রহমান)
মহাব্যবস্থাপক

নৌ বাহিনী সদর দপ্তর
লজিষ্টিক শাখা
বেতন পেনশন ও হিসাবপরিদপ্তর
বনানী, ঢাকা-১২১৩
www.navy.mil.bd

ফোনঃ ৮৭৫৪০৪১-৯/২৪৩২
E-Mail :dppa@bangladeshnavy.org

কার্তিক ১৪২৫
২৩. ০২.২৬২৬.১৮৪.১৩.৪২৭.১৮ নভেম্বর ২০১৮

**শতভাগ পেনশন সমর্পনকারী সশস্ত্র বাহিনীর পেনশনারগণের অবসরের ১৫ বছর পুর্তিতে পুনরায় পেনশন সুবিধা প্রদান প্রসংগে**

সূত্রঃ

ক। অর্থ মন্ত্রণালয় পত্র নং অম/অবি/বিধি/পেনশন/৩-পি-২৬/৯৪/১৭ তারিখ ০১ জুন ১৯৯৪।
খ। প্রতিরক্ষা মন্ত্রণালয় পত্র নং- প্রম/ডি-১৯/১পেন-৩/৯৭/অংশ-২/৩০৫ তারিখ ০৪ ডিসেম্বর ২০০৩।
গ। অর্থ মন্ত্রণালয় পত্র নং ০৭.০০.০০০০.১৭১.১৩.০১৩.১৪-১১৮/১(১০০) তারিখ ০৮ অক্টোবর ২০১৮ (কপি সংযুক্ত)।

১। সূত্র গ পত্র মারফত সরকার শতভাগ পেনশন সমর্পনকারী প্রজাতন্ত্রের অবসরপ্রাপ্ত কর্মচারীগণের আর্থিক ও সামাজিক সুরক্ষা নিশ্চিতকরণার্থে অবসর গ্রহনের তারিখ হতে ১৫ বছর সময় অতিক্রান্তের পর তাদের মাসিক পেনশন পুনঃস্থাপনের সিদ্ধান্ত গ্রহন করেছে, যা গত ০১ জুলাই ২০১৭ তারিখ হতে প্রযোজ্য হবে। উল্লেখ্য, উক্ত প্রজ্ঞাপনের আলোকে নিয়মিত পেনশনারগণের ন্যায় শতভাগ পেনশন সমর্পণকারীগনেরও ন্যুনতম মাসিক পেনশন হবে ৩,০০০.০০ (তিন হাজার) টাকা এবং শতভাগ পেনশন সমর্পণকারী অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারীর ০১ জুলাই ২০১৭ তারিখে বা তার পরবর্তী সময়ে (প্রযোজ্য ক্ষেত্রে) যে পেনশন নির্ধারিত হবে তার উপর প্রতিবছর ০১ জুলাই তারিখে ৫% হারে বার্ষিক ইনক্রিমেন্ট প্রদেয় হবে।

২। উল্লেখ্য, সূত্র ক এর মাধ্যমে জুন ১৯৯৪ সালে বেসামরিক কর্মকর্তা/কর্মচারীদের শতভাগ পেনশন সমর্পনের সুবিধা প্রবর্তন করা হয়। অন্যদিকে সূত্র খ এর মাধ্যমে ০৪ ডিসেম্বর ২০০৩ তারিখ হতে সশস্ত্র বাহিনীর সদস্যদের শতভাগ পেনশন সমর্পনের সুবিধা প্রবর্তন করা হয়। সামরিক/বেসামরিক কর্মকর্তা ও কর্মচারীদের জন্য এ সুবিধা ৩০ জুন ২০১৭ তারিখ পর্যন্ত বলবত ছিল। শতভাগ পেনশন সমর্পনকারী পেনশনারগণের অবসরের ১৫ বছর পুর্তিতে পেনশন পুনঃস্থাপন সুবিধা নৌবাহিনীর শতভাগ পেনশন কম্যুটকারীদের ক্ষেত্রে ডিসেম্বর ২০১৮ হতে কার্যকর হবে। নৌবাহিনীর শতভাগ পেনশন কম্যুটকারীদের পেনশন পুনঃস্থাপনের কার্যক্রম সুষ্ঠু ও গতিশীল প্রক্রিয়ায় সম্পাদনের নিমিত্তে সংশ্লিষ্ট ব্যাংক, নৌ নিয়োগ কর্তৃপক্ষ, নৌ সচিবালয়, বেতন পেনশন হিসাব পরিদপ্তর ও এসএফসি (নৌ) কার্যালয়সমূহের মধ্যকার প্রয়োজনীয় সমন্বয়ের মাধ্যমে নিম্নেবর্ণিত কার্যক্রম গ্রহন করা যেতে পারেঃ

ক। **অবসরপ্রাপ্ত অফিসারদের জন্য।**

(১) **নৌ সচিবালয়।** পেনশন পুনঃস্থাপনের লক্ষ্যে শতভাগ পেনশন সমর্পণকারী নৌ কর্মকর্তাগণের অবসর গ্রহণের ১৫ বছর পূর্তিতে নৌ সচিবালয় কর্তৃক সংশ্লিষ্ট কর্মকর্তাগনের আবেদনপত্রসহ প্রয়োজনীয় কাগজপত্র সংগ্রহ করতঃ ডিপিপিএন্ডএ অফিসে প্রেরণ করতে হবে। এছাড়া নৌ সচিবালয় কর্তৃক নতুন পেনশন বই এসএফসি (নৌ) কার্যালয়ে প্রেরণ এবং পুরাতন পেনশন বই জমা করতঃ এসএফসি (নৌ) কর্তৃক এন্ডোর্সকৃত নতুন পেনশন বই সংশ্লিষ্ট কর্মকর্তাকে হস্তান্তর করা হবে।

(২) **বেতন পেনশন ও হিসাব পরিদপ্তর (ডিপিপিএন্ডএ)।** নৌ সচিবালয় হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে ডিপিপিএন্ডএ সংশ্লিষ্ট অবসরপ্রাপ্ত অফিসারগণ অবসরকালে শতভাগ পেনশন সমর্পণ না করলে যে পরিমান নীট পেনশন প্রাপ্য হতেন তার ভিত্তিতে ও সময়ে সময়ে সরকার কর্তৃক ঘোষিত জেএসআই এর মাধ্যমে বৃদ্ধিপ্রাপ্ত বর্ধিত পেনশন এবং বার্ষিক ৫% হারে ইনক্রিমেন্ট নীট পেনশনের সাথে যোগ করতঃ পুনঃ পেনশন নির্ধারণী ছক এসএফসি (নৌ) কার্যালয়ে প্রেরণ করবে।

(৩) **এসএফসি (নৌ)/এনপিও (ও) শাখা।** ডিপিপিএন্ডএ হতে প্রাপ্ত পেনশন নির্ধারণী ছক নিরীক্ষাপূর্বক সংশ্লিষ্ট অবসরগ্রহনকারী অফিসারগণের অনুকূলে এসএফসি (নৌ) সংশোধিত পিপিও জারী করতঃ ব্যাংকসহ সংশ্লিষ্ট সকলের বরাবর প্রেরণ করবে। এসএফসি (নৌ) কর্তৃক প্রেরিত সংশোধিত পিপিও অনুযায়ী সংশ্লিষ্ট ব্যাংক শাখা পেনশনারদেরকে প্রচলিত নিয়মে পেনশন পরিশোধ করবে।

খ। **অবসরপ্রাপ্ত জেসিও'স/নাবিকদের জন্য।**

(১) **ডিপি সেন্টার।** পেনশন পুনঃস্থাপনের লক্ষ্যে ডিপি সেন্টার কর্তৃক শতভাগ পেনশন সমর্পণকারী জেসিও'স/নাবিকগণের অবসর গ্রহণের ১৫ বছর পূর্তিতে সংশ্লিষ্ট জেসিও'স/নাবিকগণের আবেদনপত্রসহ প্রয়োজনীয় কাগজপত্র এবং নতুন পেনশন বই নৌ নিয়োগ কর্তৃপক্ষ অফিসে প্রেরণ করতে হবে।

(২) **নৌ নিয়োগ কর্তৃপক্ষ।** ডিপি সেন্টার হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে নৌ নিয়োগ কর্তৃপক্ষ কর্তৃক সংশ্লিষ্ট অবসরপ্রাপ্ত জেসিও'স/নাবিকগণ অবসরকালে শতভাগ পেনশন সমর্পণ না করলে যে পরিমান নীট পেনশন প্রাপ্য হতেন তার ভিত্তিতে ও সময়ে সময়ে সরকার কর্তৃক ঘোষিত জেএসআই এর মাধ্যমে বৃদ্ধিপ্রাপ্ত বর্ধিত পেনশন এবং বার্ষিক ৫% হারে ইনক্রিমেন্ট নীট পেনশনের সাথে যোগ করতঃ পুনঃ পেনশন নির্ধারণী ছক এসএফসি (নৌ) কার্যালয়ে প্রেরণ করতে হবে।

(৩) **এসএফসি (নৌ)/ এনপিও (এস) শাখা।** নৌ নিয়োগ কর্তৃপক্ষ হতে প্রাপ্ত পেনশন নির্ধারণী ছক নিরীক্ষাপূর্বক সংশ্লিষ্ট অবসরগ্রহনকারী জেসিও/নাবিকগণের অনুকূলে এসএফসি (নৌ) সংশোধিত পিপিও জারী করতঃ ব্যাংকসহ সকলের বরাবর প্রেরণ করবে। এসএফসি (নৌ) কর্তৃক প্রেরিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি-১ অধিশাখা
**www.mof.gov.bd**

নং-০৭.০০.০০০০.১৭১.১৩.০১৩.১৪-১১৮

০৮ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ
তারিখ:----------------------------
২৩ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ

## প্রজ্ঞাপন

সরকার শতভাগ পেনশন সমর্পণকারী প্রজাতন্ত্রের অবসরপ্রাপ্ত কর্মচারীগণের আর্থিক ও সামাজিক সুরক্ষা নিশ্চিত করণার্থে তাদের মাসিক পেনশন পুনঃস্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করেছে যা নিম্নরূপ বিধানাবলী সাপেক্ষে কার্যকর হবে:

(ক) শতভাগ পেনশন সমর্পণকারী অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারীগণের অবসর গ্রহণের তারিখ হতে ১৫ বছর সময় অতিক্রান্তের পর তাদের পেনশন পুনঃস্থাপন করা হবে। কর্মচারীর এলপিআর/পিআরএল যে তারিখে শেষ হয়েছে তার পর দিন হতে উক্ত ১৫ বছর সময় গণনা করা হবে। আর যিনি এলপিআর/পিআরএল ভোগ করেননি তার ক্ষেত্রে অবসর গ্রহণের তারিখ হতে উক্ত ১৫ বছর সময় গণনাযোগ্য হবে;

(খ) যে পদ্ধতি ও নিয়মে নিয়মিত পেনশনারগণের মাসিক পেনশন নির্ধারিত হয় অনুরূপ পদ্ধতি ও নিয়মে শতভাগ পেনশন সমর্পণকারী অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারীগণের মাসিক পেনশন নির্ধারিত হবে;

**উদাহরণ:** ধরা যাক সংশ্লিষ্ট কর্মচারীর এলপিআর শেষ হয়েছে ২০০২ সালের ৩০শে জুন। তাঁর অবসরের পর হতে ১৫ বছর সময় অতিক্রান্ত হয়েছে ২০১৭ সালের ১লা জুলাই। উক্ত কর্মচারী যদি ১নং গ্রেডভুক্ত হন তাহলে জাতীয় বেতনস্কেল, ১৯৯৭ অনুযায়ী তাঁর বেতন ১৫,০০০ টাকা (নির্ধারিত) হওয়ায় তাঁর মাসিক নীট পেনশনের পরিমাণ হবে (১৫,০০০×৮০%)+২=৬,০০০ টাকা। জাতীয় বেতনস্কেল, ২০০৫ অনুযায়ী মাসিক ১০০১ টাকা হতে তদূর্ধ্ব পরিমাণ নীট পেনশন গ্রহণকারীর মাসিক পেনশন ২৫% হারে বৃদ্ধি হওয়ায় তাঁর মাসিক নীট পেনশন হবে ৬,০০০+(৬০০০×২৫%)=৭,৫০০ টাকা। আবার জাতীয় বেতনস্কেল, ২০০৯ অনুযায়ী ৬৫ বছর উর্ধ্ব বয়সের পেনশনভোগীর নীট পেনশনের পরিমাণ ৫০% বৃদ্ধি হওয়ায় তাঁর মাসিক নীট পেনশন হবে ৭,৫০০+(৭,৫০০×৫০%)=১১,২৫০ টাকা। জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী ৬৫ বছর উর্ধ্ব বয়সের অবসরভোগীর নীট পেনশনের পরিমাণ ৫০% বৃদ্ধি হওয়ায় ০১-০৭-২০১৭ তারিখে তাঁর মাসিক নীট পেনশন হবে ১১,২৫০+(১১,২৫০×৫০%)=১৬,৮৭৫ টাকা। সুতরাং ২০০২ সালের ৩০শে জুন বা তার পূর্বে এলপিআর শেষ হয়েছে ১নং গ্রেডের এমন শতভাগ পেনশন সমপর্ণকারী অবসরপ্রাপ্ত কর্মচারীর ০১-০৭-২০১৭ তারিখে মাসিক নীট পেনশন হবে ১৬,৮৭৫ টাকা।

(গ) নিয়মিত পেনশনারগণের ন্যায় শতভাগ পেনশন সমর্পণকারী অবসরভোগীগণেরও ন্যূনতম মাসিক পেনশন হবে ৩,০০০ (তিন হাজার) টাকা।

(ঘ) শতভাগ পেনশন সমর্পণকারী অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারীর ০১-০৭-২০১৭ তারিখে বা তার পরবর্তী সময়ে (প্রযোজ্য ক্ষেত্রে) যে পেনশন নির্ধারিত হবে তার উপর প্রতিবছর ১ জুলাই তারিখে ৫% হারে বার্ষিক ইনক্রিমেন্ট প্রদেয় হবে।

**উদাহরণ:** উপরের উদাহরণের ১নং গ্রেডের কর্মচারীর ০১-০৭-২০১৭ তারিখে মাসিক নীট পেনশনের পরিমাণ ১৬,৮৭৫ টাকা। প্রতিবছর ১ জুলাই তারিখে ৫% হারে বার্ষিক ইনক্রিমেন্ট প্রদেয় হওয়ায় ০১-০৭-২০১৮ তারিখে তাঁর মাসিক নীট পেনশন হবে ১৬,৮৭৫+(১৬,৮৭৫×৫%)=১৭,৭১৮.৭৫ টাকা।

চলমান পাতা-২